# মিলল বৃত্তি

**বর্ধমান:** রাজ্য সরকারের দেওয়া বৃত্তির টাকা বন্ধ হওয়ার আশঙ্কা করছিলেন বর্ধমান বিশ্ববিদ্যালয়ের গবেষকদের একাংশ। জুলাই মাস থেকে বিনা নোটিসে টাকা বন্ধের অভিযোগ করেন অনেকে। বৃহস্পতিবার বর্ধমান বিশ্ববিদ্যালয় জানায়, রাজ্য সরকারের বৃত্তি গবেষকদের অ্যাকাউন্টে পাঠানো হয়েছে। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এক্স-হ্যান্ডেলে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শঙ্করকুমার নাথের প্রশংসা করে জানিয়েছেন, সে সমস্যা তৈরি হয়েছিল তা বৃহস্পতিবারই মিটিয়ে দিয়েছেন। গবেষকরা বৃত্তির টাকাও পেতে শুরু করে দিয়েছে। উপাচার্য বলেন, "৫৭ জন গবেষকের কাছে ১০ লক্ষ ৭২ হাজার টাকা পৌঁছে দেওয়া হয়েছে। গবেষকরা যাতে বৃত্তি পায় তার জন্য আমি ব্যক্তিগত ভাবে উচ্চ শিক্ষা দফতরে দরবার করেছি।"